

আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতার বিষয়ে মার্কিন কমিশনের 2025 অ্যানুয়াল রিপোর্ট সম্পর্কে  
সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

26 মার্চ, 2025

আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা বিষয়ক মার্কিন কমিশনের 2025 সালের বার্ষিক প্রতিবেদন সম্পর্কে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র শ্রী রণধীর জয়সওয়াল বলেন:

আমরা সম্প্রতি প্রকাশিত আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা বিষয়ক মার্কিন কমিশন (USCIRF) এর 2025 বার্ষিক প্রতিবেদন দেখেছি, যা আবারও পক্ষপাতদুষ্ট এবং রাজনৈতিকভাবে অনুপ্রাণিত মূল্যায়নের ধারাবাহিকতা অব্যাহত রেখেছে।

ভারতের বহুসাংস্কৃতিক সমাজে ঘটা কিছু বিচ্ছিন্ন ঘটনাকে ভুলভাবে উপস্থাপন করার এবং তার উপরে ভিত্তি করে মতামত প্রকাশ করার USCIRF-এর ধারাবাহিক প্রচেষ্টা ধর্মীয় স্বাধীনতার প্রতি প্রকৃত উদ্বেগ প্রকাশ করার পরিবর্তে একটি ইচ্ছাকৃত এজেন্ডা প্রতিফলিত করে।

ভারত 1.4 বিলিয়ন মানুষের বসবাসস্থল, এখানে পৃথিবীর সমস্ত ধর্মমত অবলম্বনকারী রয়েছেন। তবে, আমরা আশা করি না যে USCIRF ভারতের বহুত্ববাদী পরিকাঠামোর বাস্তব চিত্র অনুধাবন করতে পারবে বা বৈচিত্র্যপূর্ণ নানা সম্প্রদায়ের পাশাপাশি শান্তিপূর্ণ ভাবে সহাবস্থানের কথা স্বীকার করবে।

গণতন্ত্র ও সহিষ্ণুতার জ্বলন্ত উদাহরণ হওয়া সত্ত্বেও ভারতের অবস্থানকে মলিন করার এই ধরনের প্রচেষ্টা সফল হবে না। প্রকৃতপক্ষে, USCIRF -কে একটি উদ্বেগজনক সত্তা হিসেবে মনোনীত করা উচিত।

নয়া দিল্লি

26 মার্চ, 2025